

# যত্নে রাখি শিশু ও মা, গড়ি আগামীর সম্ভাবনা



যত্নে রাখি শিশু ও মা, গড়ি আগামীর সম্ভাবনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে দরিদ্র গর্ভবতী মা ও শূন্য থেকে ৩ বছর বয়সী শিশুর যত্ন, পুষ্টি এবং মানসিক বিকাশের লক্ষ্যে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতা প্রদান করছে।



আপনি যদি গর্ভবতী হয়ে থাকেন, তাহলে আপনিও পেতে পারেন এই সুবিধা।

আপনি কি অতি দরিদ্র, দরিদ্র ও স্বল্প আয়ের পরিবারের সদস্য?

আপনার বয়স কি ২০ থেকে ৩৫ বছরের মধ্যে?

আপনি কি প্রথম অথবা দ্বিতীয়বার মা হতে চলেছেন?

আপনি কি সরকারি হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্রে হতে গর্ভ সনাক্তকরণ সেবা কার্ড (ANC) সংগ্রহ করেছেন?

আপনার কি জাতীয় পরিচয় পত্র আছে?

উপরের সকল শর্ত পূরণসাপেক্ষে, ৪ থেকে ৬ মাস গর্ভকালীন সময়ের মধ্যে যোগাযোগ করুন আপনার ইউনিয়ন/পৌরসভা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা অথবা তথ্য আপা প্রকল্পের তথ্য আপা ও তথ্য সেবা সহকারীর মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশন করুন মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতা পাওয়ার জন্য।

রেজিস্ট্রেশন করতে সাথে যা নিয়ে যাবেন

## মনে রাখবেন

আর্থিকভাবে স্বচ্ছল ও স্বাবলম্বী পরিবারের গর্ভবতী মায়েরা এই ভাতা পাওয়ার উপযোগী হবেন না।  
গর্ভবতী মাকে ইউনিয়ন/পৌরসভায় অবশ্যই স্থায়ীভাবে বসবাস করতে হবে।  
শুধুমাত্র প্রথম ও দ্বিতীয় সন্তানের জন্য এই ভাতা প্রদান করা হবে।




গর্ভ সনাক্তকরণ সেবা কার্ড (ANC)



জাতীয় পরিচয় পত্র ও সদ্যতোলা ছবি



যে কোন ব্যাংক একাউন্ট / বিকাশ / রকেট / মোবিক্যাশ / নগদ / এজেন্ট ব্যাংক



আপনার সাথে যোগাযোগের জন্য আপনার সচল মোবাইল নম্বর

## আপনি যে সকল সুবিধা পাবেন

রেজিস্ট্রেশনের মাধ্যমে নির্বাচিত হওয়ার পর হতে ৩৬ মাস পর্যন্ত মাসিক ৮৫০/- (আটশত পঞ্চাশ) টাকা হারে ভাতা।

গর্ভকালীন এবং গর্ভ পরবর্তী মা ও শিশুর পুষ্টি, যত্ন ও বিকাশ বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ ও তথ্য সেবা।

ঘরে বসেই আপনার পছন্দসই মাধ্যমে টাকা পাওয়ার সুবিধা।

## মনে রাখবেন

মোবাইল ফোনে একাউন্টের মাধ্যমে টাকা পেতে হলে আপনার জাতীয় পরিচয়পত্রের বিপরীতে মোবাইল একাউন্টটি সঠিক নিয়ম অনুসরণ করে খুলতে হবে এবং সচল থাকতে হবে। আপনার একাউন্ট এর পিন নম্বর বা গোপন নম্বর কাউকে বলবেন না।

বি: দ্র:- এই কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য আপনি কোথাও কোন প্রকার আর্থিক লেনদেন করবেন না। বিস্তারিত তথ্যের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।



মহিলা বিষয়ক অধিদপ্তর  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়